গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উদ্ভাবন সম্পর্কিত সভার কার্যবিবরণী - ৩

সভাপতি : মোঃ মিজানুর রহমান,পরিচালক (প্রশাসন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ।
তারিখ : ২৩ আগস্ট ২০২০
সময় : দুপুর ০৩:০০ টা।
স্থান : হোপ সভা কক্ষ (৩য় তলা) , প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

আলোচ্য বিষয় :

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন ;
২. বিগত (২০১৯-২০) অর্থ বছরে মাঠ পর্যায়ে বাস্তবায়িত ইনোভেশন কার্যক্রম সমূহের অগ্রগতি পর্যালোচনা;
৩. চলতি (২০২০-২১) অর্থ বছরে আইডিয়া বক্সে জমাকৃত ইনোভেশন আইডিয়াগুলি যাচাই-বাছাই ;
৪. বিবিধ।

ইনোভেশন টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে জনাব মোঃ মিজানুর রহমান (যুগ্ম সচিব),পরিচালক (প্রশাসন) ও ইনোভেশন অফিসার ,প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সভার কাজ শুরু করেন । সভার শুরুতেই তিনি বিভাগীয় উপপরিচালকগণকে সভায় জুমে সংযুক্ত হয়ে অংশগ্রহণ করায় ধন্যবাদ জ্ঞাপন করেন । তিনি অদ্যকার সভার আলোচ্য বিষয়াবলী ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করায় জনাব রোখসানা হায়দার, সভার আলোচ্য বিষয়াবলী উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>১.</td><td>বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন ।</td><td>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় । গৃহীত সিদ্ধান্ত সমূহের উপর আলোচনা করে তা অনুমোদনের প্রস্তাব করা হয় ।</td><td>বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয় ।</td></tr>
<tr><td>২.</td><td>বিগত (২০১৯-২০)অর্থ বছরের মাঠ পর্যায়ে বাস্তবায়িত ইনোভেশন কার্যক্রম সমূহের অগ্রগতি পর্যালোচনা;</td><td>২. বিগত ২০১৯-২০ অর্থ বছরে মাঠপর্যায়ে ৩৮টি ইনোভেশন কার্যক্রম ও ৭৫ টি এস. আই. পি বাস্তবায়নের জন্য অনুমোদন দেয়া হয়েছিল। বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় করোনাকালীন পরিস্থিতিতে বিদ্যালয়ে শিশু কেন্দ্রিক কার্যক্রমগুলো চলমান অবস্থায় থেমে গেছে। বিদ্যালয় বন্ধ থাকায় এ কার্যক্রমগুলোর শতভাগ মূল্যায়ন করা সম্ভব হয়নি। মূল্যায়নকৃত কার্যক্রমগুলোর মধ্যে নিম্ন বর্ণিত ২টি ইনোভেশন ধারণা উপজেলা/ জেলা/ বিভাগ/ জাতীয় পর্যায়ে রেপ্লিকেশন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা করা হয় ।
<table>
<tr><th>ক্র.নং</th><th>ইনোভেশন আইডিয়ার নাম</th><th>উদ্ভাবকের নাম ও কর্মস্থাল</th></tr>
<tr><td>১</td><td>কন্যা শিশু সুরক্ষা সেল।</td><td>জনাব মো: মাসুদুল হাসান, উপজেলা শিক্ষা অফিসার, হাকিমপুর, দিনাজপুর</td></tr>
<tr><td>২</td><td>স্বচ্ছতা ও জবাবদিহিতা কর্ণার।</td><td>জনাব গনেশ কুমার পাল, প্রধান শিক্ষক, আম্বরখানা কলোনী, সপ্রাবি, সদর, সিলেট</td></tr>
</table>
আইডিয়া দুটির বিস্তারিত বিবরণী ও বাস্তবায়ন কৌশল প্রস্তুত করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসার বরাবর প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয় ।</td><td>মাঠপর্যায়ে বাস্তবায়িত নিম্ন বর্ণিত দুটি ইনোভেশন আইডিয়া রেপ্লিকেশন এর সিদ্ধান্ত গৃহীত হয়।
১। কন্যা শিশু সুরক্ষা সেল।
২। স্বচ্ছতা ও জবাবদিহিতা কর্ণার।
ইনোভেশন আইডিয়া দুটি উপজেলা/ জেলা/বিভাগ/জাতীয় পর্যায়ে রেপ্লিকেশনের অনুমোদন চেয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন :উপপরিচালক (সংস্থাপন)।</td></tr>
<tr><td>৩.</td><td>চলতি (২০২০-২১) অর্থ বছরের আইডিয়া বক্সে জমাকৃত ইনোভেশন আইডিয়াগুলি যাচাই- বাছাই</td><td>৩.চলতি (২০২০-২০২১) অর্থ বছরের আইডিয়া বক্সে জমাকৃত ইনোভেশন আইডিয়াগুলি বিভাগীয় দায়িত্বপ্রাপ্ত মেন্টরগণ কর্তৃক প্রাথমিকভাবে যাচাই-বাছাই করা হয়েছে। আইডিয়া বক্স এ পর্যন্ত ২৯০.টি আইডিয়া জমা হয়েছে । জমাকৃত আইডিয়া থেকে ০৮টি আইডিয়া মাঠপর্যায়ে বাস্তবায়ন এবং ৪২টি আইডিয়া এস.আই.পি হিসেবে প্রাথমিকভাবে বাছাই করা হয়েছে । আইডিয়াগুলি আরোও অধিকতর যাচাই-বাছাই এর জন্য নিম্নরুপ কমিটি গঠনের বিষয়ে আলোচনা করা হয়। প্রস্তাবিত কমিটির রুপরেখা নিম্নরুপ :
১। জনাব মোঃ দেলোয়ার হোসেন উপপরিচালক (সংস্থাপন) - আহবায়ক
২। জনাব মোসাম্মদ রোখসানা হায়দার – সদস্য
৩। জনাব কানিজ ফাতেমা –সদস্য
৪। জনাব মো : শরীফ-উল-ইসলাম-সদস্য সচিব</td><td>৩. গঠিত কমিটি আগামী ২৫/০৮/২০২০ তারিখের মধ্যে চলতি (২০২০-২০২১) অর্থ বছরের আইডিয়া বক্সে জমাকৃত আইডিয়াগুলি থেকে বাস্তবায়ন যোগ্য আইডিয়া বিস্তারিত প্রতিবেদন সভাপতি বরাবর পেশ করবেন।
বাস্তবায়ন : গঠনকৃত কমিটি।</td></tr>
</table>

		কমিটি ধারণাগুলো যাচাই –বাছাই করে পরিচালক (প্রশাসন) বরাবর পেশ করবেন মর্মে সভায় আলোচনা করা হয় ।	
৪.	মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম সফলভাবে বাস্তবায়নে উপপরিচালক গণ এর সুপারিশ।	৪. মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রমগুলো বাস্তবায়নের জন্য বিভাগীয় উপপরিচালকগণ বিভিন্ন ধরনের সুপারিশ প্রদান করেন। বিভাগীয় উপপরিচালক ময়মনসিংহ, মাঠ পর্যায়ে ব্রিফিং/মোটিভেশনের মাধ্যমে ইনোভেশন কার্যক্রম তরান্বিত করতে সুপারিশ করেন। বিভাগীয় উপপরিচালক ঢাকা, সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনা করে এবং ক্যাটাগরী ভিত্তিক ইনোভেশন ধারণা নির্বাচন করার সুপারিশ প্রদান করেন। সভাপতি মাঠ পর্যায়ে বিভাগ /উপজেলা/ জেলা পর্যায়ে মাসিক সমন্বয় সভায় ইনোভেশন বিষয়কে এজেন্ডাভুক্ত করে সংশ্লিস্ট বিভাগীয় মেন্টরকে জুম মিটিং এর মাধ্যমে সংযুক্ত করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন ।	৪. সভাপতি মহোদয় মাঠ পর্যায়ে সকল সমন্বয় সভায় ইনোভেশন বিষয়কে এজেন্ডাভুক্ত করে সংশ্লিস্ট বিভাগীয় মেন্টরকে জুম মিটিং এর মাধ্যমে সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । বাস্তবায়ন : বিভাগীয় উপপরিচালক (সকল)।

অত:পর, বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

২৫/০৮/২০২০

(মোঃ মিজানুর রহমান)
পরিচালক (প্রশাসন)

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৪.২০২০- ৭৪

তারিখ: ১০ ভাদ্র ১৪২৭ / ২৫ আগস্ট ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে ঃ-

১। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক পিইডিপি ৪, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ।

৩। পরিচালক (সকল) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ।

৪। বিভাগীয় উপপরিচালক (সকল) , প্রাথমিক শিক্ষা, ঢাকা/ রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্রগ্রাম/ময়মনসিংহ বিভাগ ।

৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ।

৬। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (আইএমডি) , প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল). . . . . জেলা।

৮। জনাব. . . . . ,মেন্টর/কো-মেন্টর সদস্য, ইনোভেশন টীম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

৯। জনাব. . . . . , প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

১০। মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।

১১। অতিরিক্ত মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।

১২। অফিস কপি।

২৫.৮.২০২০

মোঃ দেলোয়ার হোসেন
উপপরিচালক (সংস্থাপন)